জিম করতে গিয়ে শ্রাবন্তীর এ কী হাল!

শরীরচর্চা করতে গিয়ে টালিউড নায়িকা শ্রাবন্তী চট্টোপাধ্যায় রীতিমতো পেশীবহুল করে ফেলেছেন তার হাত। সম্প্রতি ইনস্টাগ্রামে এমন একটি পোস্ট বেশ কৌতূহলের জন্ম দিয়েছে।

জিমে ট্রেল মিলের সামনে দাঁড়িয়ে নিজের একটি ছবি তুলে সোশ্যাল মিডিয়ায় পোস্ট করতে দেখা গেছে শ্রাবন্তী চট্টোপাধ্যায়কে। যেখানে শ্রাবন্তীর পরনে দেখা গেছে, প্রিন্টেড স্কার্ট ও হলুদ টপ। তবে বদলে গেছে নায়িকার হাত দুটি। তার সুন্দর দুটি হাতের জায়গায় দেখা যাচ্ছে, মোটা পেশীবহুল দুটি হাত। যা দেখলে যে কেউ চমকে যাবেন।

তবে বিষয়টি আদৌ তা নয়। শ্রাবন্তীর জিম ইন্সট্রাক্টর মিঠুন সাহার ইনস্টাগ্রাম অ্যাকাউন্টের পোস্ট থেকে জানা যায়, পেশীবহুল ওই হাত দুটি আসলে তার, শ্রাবন্তীর নয়। তবে ছবি তোলার জন্য ভীষণই কায়দা করেই অভিনেত্রীর সঙ্গে এই পোজ দিয়েছেন মিঠুন সাহা।

এর আগে শ্রাবন্তী চট্টোপাধ্যায় নিজেই জানিয়েছিলেন, তার স্বামী রোশন সিংয়ের নিজের একটি জিম রয়েছে। তিনিই তাকে নিয়মিত শরীরচর্চা করার অনুপ্রেরণা দেন বলেই জানিয়েছিলেন অভিনেত্রী।